ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬৫৫

খোয়াই, ৭ নভেম্বর, ২০২৫

**খোয়াইয়ে বন্দেমাতরমের ১৫০ বছর পূর্তি অনুষ্ঠান উদযাপিত**

খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ খোয়াই ব্লক ভিত্তিক বিআরসি হলে অনুষ্ঠিত হয় বন্দেমাতরম-এর ১৫০ বছর পূর্তি স্মারক অনুষ্ঠান। এই অনুষ্ঠানের উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত), খোয়াই মহকুমা শাসক কার্যালয়ের ভিসি সালকা মেরি দেববর্মা এবং খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রিন্সিপাল মনোজ দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বন্দেমাতরম গান পরিবেশন করে। এরপর অতিথিগণ বৃক্ষে জল সিঞ্চনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন এবং ভারতমাতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন। স্বাগত বক্তব্য রাখেন খোয়াই'র ভারপ্রাপ্ত মহকুমা শাসক দীপঙ্কর সরকার। উদ্বোধক ও প্রধান অতিথি পিনাকী দাস চৌধুরী তার বক্তব্যে বলেন, ভারত আমাদের মাতৃভূমি। স্বাধীনতা সংগ্রামীদের কাছে বন্দেমাতরম ছিল এক অদম্য প্রেরণা-একটি মন্ত্র, যা তাঁদের দেশপ্রেমে উদ্বুদ্ধ করেছিল। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় দত্ত তিনি বন্দেমাতরম গানের ১৫০ বর্ষপূর্তির ঐতিহাসিক তাৎপর্য বিস্তারিতভাবে তুলে ধরেন।

*******